

# নবীনদের পদচারণে মুখরিত জবি ক্যাম্পাস

জবি প্রতিনিধি



জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) ২০২৫-২৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার নবীন বরণের মধ্য দিয়ে শুরু হয় ২০২৫-২৬ শিক্ষাবর্ষের ২১তম ব্যাচের ক্লাস।

এদিন বিশ্ববিদ্যালয় প্রশাসন ছাড়াও বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ (জকসু), ছাত্রদল ও ছাত্র অধিকার পরিষদ নবীন শিক্ষার্থীদের বরণ করে নেয়।

এদিকে নবীন শিক্ষার্থীদের পদচারণে মুখরিত হয়ে ওঠে পুরো ক্যাম্পাস।

পুরো বিশ্ববিদ্যালয়জুড়ে উৎসবমুখর পরিবেশ  
বিরাজ করে।

## পড়ুন



বক্স অফিসে ঝড় তুলছে ‘দ্য ডেভিল  
ওয়্যারস প্রাডা ২’

ক্যাম্পাস ঘুরে দেখা গেছে, বিশ্ববিদ্যালয়ের প্রায়  
প্রতিটি বিভাগেই নবীনবরণের আয়োজন করা  
হয়েছে। অনেক শিক্ষার্থী প্রথম দিনেই  
পেয়েছেন তাদের বিশ্ববিদ্যালয় আইডি কার্ড।  
জকসুর পক্ষ থেকে নবীনদের মাঝে চকোলেট,  
কলম, ফুল ও বাস রুটের কপি বিতরণ করা হয়।

পাশাপাশি ছাত্রদল ও ছাত্র অধিকার পরিষদের  
পক্ষ থেকেও ফুল দিয়ে নবীনদের স্বাগত  
জানানো হয়।

নবীন শিক্ষার্থীরা তাদের অনুভূতি প্রকাশ করে  
বলেন, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে নতুন ব্যাচ  
হিসেবে এসে আমরা ভীষণ আনন্দিত ও গর্বিত।  
প্রথম দিনেই বিভাগভিত্তিক নবীনবরণ এবং  
সিনিয়রদের আন্তরিকতায় ক্যাম্পাসটিকে  
আপন মনে হয়েছে। বিভিন্ন ছাত্রসংগঠনের উষ্ণ

অভ্যর্থনা আমাদের আত্মবিশ্বাস আরো বাড়িয়ে  
দিয়েছে।

শুরুটা খুবই সুন্দর হয়েছে—আশা করছি,  
এখানকার দিনগুলো স্মরণীয় হবে।

ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের শিক্ষার্থী  
রাফিয়া রায়হানা রিশা বলেন, প্রথম দিনের  
অভিজ্ঞতা ছিল অসাধারণ। বড় ভাইয়া-আপুদের  
স্নেহ ও শিক্ষকদের আন্তরিকতায় আমি  
অভিভূত। প্রথম দিনেই অধিকাংশ শিক্ষার্থীর  
হাতে আইডি কার্ড তুলে দেওয়ার জন্য  
বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে ধন্যবাদ জানাই।

ইংরেজি বিভাগের শিক্ষার্থী ইমরান হোসেন  
বলেন, প্রত্যেক বিভাগে আলাদা করে নবীনবরণ  
হওয়ায় নিজের বিভাগকে আরো কাছের মনে  
হচ্ছে।

বিভিন্ন সংগঠনের অভ্যর্থনা আমাদের  
আত্মবিশ্বাস বাড়িয়েছে।

**পড়ুন**



বক্স অফিসে ঝড় তুলছে ‘দ্য ডেভিল ওয়্যারস প্রাডা ২’

অ্যাকাউন্টিং বিভাগের মেহেরিন সুলতানা বলেন, শুরুতে কিছুটা নার্ভাস ছিলাম, কিন্তু নবীনবরণ ও সবার আন্তরিকতায় সেই ভয় কেটে গেছে। আয়োজনটি প্রত্যাশার চেয়েও সুন্দর ছিল।

সমাজবিজ্ঞান বিভাগের রাফিদা হাসান বলেন, প্রথম দিনেই এত সুন্দর আয়োজন সত্যিই অবাক করেছে। সিনিয়রদের সহযোগিতা পেয়ে মনে হচ্ছে, এখানে আমরা নতুন একটি পরিবার পেয়েছি।

সমাজকর্ম বিভাগের সন্ধ্যা মনি বলেন, বিশ্ববিদ্যালয়ের প্রথম দিনটি ছিল এক ভিন্ন অনুভূতি। নতুন পরিবেশ, নতুন মানুষ—সব মিলিয়ে জীবনের এক নতুন অধ্যায়ের সূচনা।

ছাত্র অধিকার পরিষদের সভাপতি একে এম রাকিব বলেন, আমরা চেষ্টা করেছি নবীনদের আন্তরিকভাবে বরণ করে নিতে।

**পড়ুন**



সিনেমা নিয়ে প্রোপাগান্ডা বিতর্কে যা  
বললেন জাভেদ আখতার

শাখা ছাত্রদলের আহ্বায়ক মেহেদী হাসান হিমেল বলেন, নবীন শিক্ষার্থীরাই দেশের ভবিষ্যৎ নেতৃত্ব। আমরা চাই তারা সুশিক্ষা, নৈতিকতা ও গণতান্ত্রিক চর্চার মাধ্যমে গড়ে উঠুক। ছাত্রদল সব সময় শিক্ষার্থীদের পাশে থাকতে প্রস্তুত।

জকসুর ভিপি রিয়াজুল ইসলাম বলেন, নবীন শিক্ষার্থীদের স্বাগত জানাতে আমরা ছোট্ট আয়োজন করেছি। ভবিষ্যতে আরো বড় পরিসরে নবীনবরণ অনুষ্ঠানের পরিকল্পনা রয়েছে।

উল্লেখ্য, ৩ মে থেকে আনুষ্ঠানিকভাবে এ বছরের প্রথম বর্ষের ক্লাস কার্যক্রম শুরু হয়েছে।